কোটচাঁদপুরে দিনে দুপুরে মহিলা ভাইস চেয়ারম্যানের বাসায় চুরি

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকির বাসায় দূর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে। শনিবার বেলা ১১ টার দিকে শহরের বলুহর বাসষ্টান্ড পাড়ায় চেয়ারম্যান পিংকির ভাড়া বাসায় এই চুরি সংঘটিত হয়। চোরেরা বাসার ষ্টীলের আলমারির তালা ভেঙ্গে আলমারিতে থাকা নগদ ৫ লাখ টাকা ও ৫ ভরি স্বর্ণালঙ্কারসহ দামি কাপড় নিয়ে যায়। এ ঘটনায় পিংকি থানায় লিখিত অভিয়োগ করেছেন।

ঘটনার বিবরণ দিয়ে পিংকি জানান, শনিবার সকালে বলুহর ষ্টান্ডের বাসায় ১৬/১৭ বছরের এক কাজের মেয়েকে রেখে তিনি কালীগঞ্জে যান। বেলা ১১ টার দিকে ২/৩ জন যুবক বসায় এসে আমাকে খোঁজ করেন। কাজের মেয়ে আগত যুবকদের বলেন ম্যাডাম বাসায় নেই। এ সময় যুবকরা আমার জন্য বাসায় অপেক্ষার ইচ্ছা প্রকাশ করে। পরে এক প্রকার জোর করে বাসায় প্রবেশ করে।

এর কিছুক্ষণ পর যুবকরা আমার কাজের মেয়েকে সিগারেট কিনতে বাইরে পাঠাই। এ সুযোগে তারা ঘরে ষ্টীলের আলমারির তালা ভেঙ্গে নগদ টাকা ও স্বর্ণালঙ্কার নিয়ে পালিয়ে যায়।

এব্যাপারে কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মোঃ মঈন উদ্দিনের কোন মন্তব্য পাওয়া যায়নি।

মেহেরপুরে বাড়ছে করোনায় আক্রান্তের সংখ্যা! নতুন করে

# [redacted]

[redacted]

[redacted]

[

চুয়াডাঙ্গায় বিপুল পরিমাণের মাদকসহ আটক -১

চুয়াডাঙ্গা দামুড়হুদা উপজেলায় চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ৭৯২ অ্যাম্পুল ভারতীয় বুপ্রেনরফিন ইনজেকশনসহ মাদক ব্যবসায়ী জয়নাল আবেদীনকে (৫০) গ্রেফতার করা হয়েছে।

শনিবার সকাল সাড়ে ৭ টার দিকে চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা দামুড়হুদা উপজেলার জয়রামপুর কাঠালতলায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত জয়নাল আবেদীন একই উপজেলার স্টেশন পাড়ার মৃত আব্দুল মতিনের ছেলে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সুত্রে জানা গেছে, শনিবার সকাল সাড়ে ৭ টায় গোপণ সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শরিয়তউল্লাহের নেতৃত্বে পরিদর্শক আব্দুল্লাহ আল মামুনসহ বিভাগীয় স্টাফরা জয়রামপুর কাঠালতলায় অভিযান চালায়।

এসময় ৭৯২ অ্যাম্পুল ভারতীয় বুপ্রেনরফিন ইনজেকশনসহ জয়নাল আবেদীনকে গ্রেফতার করা হয়। এসময় পালিয়ে যায় একই এলাকার কলম আলী মন্ডল। নিয়মিত মামলাসহ আসামী জয়নাল আবেদীনকে দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করা হয়েছে।

চুয়াডাঙ্গা কারাগারে আঘাতপ্রাপ্ত কয়েদির মৃত্যু

চুয়াডাঙ্গা জেলা কারাগারে সাজাপ্রাপ্ত কয়েদি রবিউল ইসলাম(৪০) নামের এক ব্যাক্তির মৃত্যু হয়েছে। তার মাথায় আঘাতের চিহৃ রয়েছে। তিনি মেহেরপুর গাংনি থানার একটি মাদক মামলার এক বছরের সাজাপ্রাপ্ত আসামি। শনিবার দুপুরে তাকে চুয়াডাঙ্গা সদর

হাসপাতালের জরুরি বিভাগে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

লাশের ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে রাখা আছে। সাজাপ্রাপ্ত কয়েদি রবিউল ইসলাম চুয়াডাঙ্গা পৌর এলাকার সিএন্ডবি পাড়ার আনোয়ার হোসেনের ছেলে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. এএসএম ফাতেহ্ আকরাম জানান, শনিবার দুপুরে চুয়াডাঙ্গা জেলা কারাগার থেকে রবিউল ইসলাম নামের এক রোগিকে কারাগার কর্তৃপক্ষ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে আসেন। সেখানে পরীক্ষা-নিরীক্ষা করার পর কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। নিহতের মাথায় আঘাতের চিহৃ রয়েছে।

চুয়াডাঙ্গা জেলা কারাগারের জেলার শওকত হোসেন মিয়া বলেন, রবিউল ইসলাম মৃগি রোগি ছিলেন। তিনি মাথা ঘুরে বাথরুমে পড়ে গিয়ে মাথায় আঘাত পান। তাকে সদর হাসপাতালে নেওয়া হয়। পরে মারা যান।

ঝিনাইদহ সদর হাসপাতালে আইসিইউ ও পিসিআর ল্যাব স্থাপনের দাবিতে মানববন্ধন

ঝিনাইদহ সদর হাসপাতালে আইসিইউ ও পিসিআর ল্যাব স্থাপনের দাবিতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। শনিবার সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে বাংলাদেশ গ্রাম থিয়েটার মাইকেল মধুসূদন অঞ্চল।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতৃবৃন্দসহ, সামাজিক ও সাংস্কৃতিক কর্মীরা অংশ নেয়। এসময় বক্তব্য রাখেন, বাংলাদেশ গ্রাম থিয়েটারের খুলনা বিভাগীয় সমন্বয়ক একরামুল হক লিকু, সম্প্রীতি বাংলাদেশ ঝিনাইদহের আহŸ◌ায়ক সাংবাদিক এম সাইফুল মাবুদ, সাংস্কৃতিক কর্মী তাহেরা বেগম জলি, পারভেজ ইমাম আজাদ, জামাল

হোসেন, মাসুদ বিশ্বাস, মিরাজ জামান রাজসহ অন্যান্যরা। কর্মসূচী থেকে বক্তারা বলেন, সীমান্তবর্তী জেলায় দিন দিন করোনায় আক্রান্তের সংখ্যা বাড়ছে। আক্রান্ত মুমুর্ষ রোগিদের সু-চিকিৎসার জন্য জেলায় আইসিইউ নেই। তাদের পাঠাতে হচ্ছে পার্শবর্তী জেলাসহ ঢাকাতে। জেলার মানুষের কথা চিন্তা করে দ্রæতই পিসিআর ল্যাব ও আইসিইউ স্থাপনের দাবি জানান বক্তারা।

ঝিনাইদহে ৭ দিন ব্যাপী ভূমি সেবা সপ্তাহের উদ্বোধন

ভূমি সেবা ডিজিটাল, বদলে যাবে দিনকাল’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ৭ দিন ব্যাপী ভূমি সেবা সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। শনিবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে এ সেবা সপ্তাহের উদ্বোধন করেন জেলা প্রশাসক মজিবর রহমান।

এসময় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) খান মোঃ আব্দুল্লা আল মামুন, জেলা তথ্য অফিসার আবু বকর সিদ্দিক, জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

আয়োজকরা জানান, শনিবার থেকে শুরু হওয়া এ সেবা সপ্তাহ চলবে আগামী ১৮ জুন পর্যন্ত। সপ্তাহব্যাপী চলা এই কর্মসূচীতে ভূমি মালিকরা তাদের জমির রেজিষ্ট্রেশন, অনলাইনে নামজারী আবেদন, ভূমি উন্নয়ন কর প্রদাণ করতে পারবে। সেই সাথে ভূমি সেবা ডিজিটালাইজেশন সম্পর্কে ধারনা পাবে।

মুজিবনগরে নেশা করতে নিষেধের জেরে কুপিয়ে ও পিটিয়ে দু’জনকে হত্যা (আপডেট)

মেহেরপুরের মুজিবনগরে নেশা করতে নিষেধ করার জের ধরে উপজেলা স্বেচ্ছাসেবক লীগ নেতাকে কুপিয়ে এবং নেশাসক্ত অভিযুক্তকে গণপিটুনিদিয়ে হত্যার ঘটনা ঘটেছে। শনিবার সকাল সাড়ে ১১ টার উপজেলার যতারপুর গ্রামে এ ঘটনা ঘটে।
নিহতরা হলেন, যতারপুর গ্রামের সবজী ব্যবসায়ী ও মুজিবনগর উপজেলা সেচ্ছাসেবকলীগের সাবেক যুগ্ন আহবায়ক ও আব্দুর রশিদের ছেলে সাইদুর রহমান (৩৫) ও একই গ্রামের আবুল হোসেন মন্ডলের ছেলে মাদক সেবী মনিরুল ইসলাম মনি (৩০)।
স্থানীয়রা জানান, মনিরুল ইসলাম এলকার একজন চিহ্নিত মাদকসেবী। সে প্রকাশ্যে মাদক সেবন করতো এবং মানসিক ভারসাম্য ছিল। হাতে সব হাঁসুয়া রাখতো, যে কারণে তার বিরুদ্ধে কেউ কথা বলতে সাহস পেতো না। ঘটনার সময় মনিরুল গ্রামের মাঁচায় বসে প্রকাশ্যে নেশা করছিল। এসময় সাইদুর রহমান তাকে নেশা করতে নিষেধ করে। এনিয়ে দু’জনের মধ্যে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে মনিরুলের হাতে থাকা ধারালো হাঁসুয়া দিয়ে সাইদুরের গলায় কোপ দেয় এবং উপুর্যপুরি কুপাতে থাকে। এতে ঘটনাস্থলেই সাইদুরের মৃত্যু হয়। এ ঘটনার পর স্থানীয়রা মনিরুলকে গণপিটুনি দিলে মনিরুল সেখানেই মারা যায়।
মুজিবনগর থানার ওসি আব্দুল হাসেম জানান, মনিরুল ইসলাম মনি একজন মাদক সেবী সে রাস্তার পার্শে গাঁজা সেবন করছিলো। গাঁজা সেবনে বাধা দেওয়ায় প্রকাশ্য সাইদুর রহমানকে ধারালো হাসুয়া দিয়ে কুপিয়ে হত্যা করে। এসময় স্থানীয়রা মাদক সেবী মনিরুল ইসলাম মনিকে গণপিটুনি দিয়ে হত্যা করে।
তিনি আরো জানান, দুজনের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মর্গে নেয়া হয়েছে। এ ঘটনায় মামলা প্রস্তুতি চলছে।

যতারপুরে-নেশা করতে নিষেধ করায় ২ জনকে কুপিয়ে হত্যা

মুজিবনগরে প্রকাশ্য নেশা করতে নিষেধ করায় যতারপুরে সাইদুর নামের এক ব্যাক্তিকে কুপিয়ে হত্যা করেছে মনি নামের এক গাজা সেবনকারী। এদিকে সাইদুরকে কুপিয়ে হত্যা করা হলে, জনগনের গনপিটুনিতে মৃত্যু হয় মনির।
বিস্তারিত আসছে…..

দামুড়হুদায় বীর মুক্তিযোদ্ধা রহমতুল্লাহকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

দামুড়হুদা উপজেলার কুড়ালগাছি গ্রামের বীর মুক্তিযোদ্ধা রহমতুল্লাহকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন করা হয়েছে। সকল বিধি মেনে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে শ্রদ্ধা ও সম্মাননা জানানো এবং তার পরিবারের সদস্যদের সমবেদনা জানানো হয়।

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি কদমতলা পাড়ার মৃতঃ রহিম বক্সের ছেলে বীরমুক্তিযোদ্ধা রহমতুল্লাহ বদ্দি ইন্তেকাল করায় গভীর শোক প্রকাশ ও গভরি সমবেদনা জানিয়েছেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এমপি।

সংক্ষিপ্ত জীবনীঃ কুড়ুলগাছির কদমতলার মৃতঃ রহিম বক্সের ছেলে রহমতুল্লাহ। অত্যন্ত মেধাবী ছাত্র ছিলেন। ঝিনাইদহ কেসি কলেজে পড়ার সময় কলেজ ছাত্রসংসদ নিবাচনে জিএস হন। পরে জেলার সাধারণ সম্পাদক হন। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় আব্দুল লতিফ হলের জিএস নিবাচিত হন। পরের বছরে রাকসু নিবাচনে জিএস হন। তিনি ১৯৬৯ সালে বাংলাদেশ ফুটবল দলের ক্লাব পযায়ে ঢাকার একটি ক্লাব হতে পাকিস্তানে খেলার জন্য নিবাচিত হন । কিন্ত স্বাধীনতার আন্দোলের সময় খেলতে যাওয়া হয়নি আর। স্বাধীনতার পর কেরুতে লেভার অফিসার

হিসাবে চাকুরীতে যোগদান করেন। এবং মধুখালী সুগার মিল হতে মহাব্যবস্থাপক হিসাবে অবসর গ্রহন করেন। অবসরের পরে আবার রাজনীতিতে জড়িয়ে পড়েন।

স্বাধীনাতা পূর্ববর্তী সময়ে বাংলাদেশ ছাত্রলীগের প্রার্থী হিসাবে ঝিনাইদহ কে সি কলেজ ছাত্র সংসদের নির্বাচিত জি,এস এবং বাংলাদেশ ছাত্রলীগ রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার সংগ্রামী ছাত্রনেতা, ১৯৭১ এর মহান মুক্তিযুদ্ধে মুজিব বাহিনীর কমান্ডার, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের অবসর প্রাপ্ত কর্মকর্তা, কুড়ুলগাছির কৃতি সন্তান বাংলাদেশ আওয়ামীলীগ চুয়াডাঙ্গা জেলা শাখার সংগ্রামী সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা শ্রদ্ধেয় রহমতুল্লাহর ইন্তেকাল করায় গভীর শোক প্রকাশ করছি গতকাল শুক্রবার বাদ জুম্মা রাষ্ট্রীয় মর্যাদায় তাঁর দাফন সম্পন্ন হয়েছে।

আলমডাঙ্গায় প্রেম প্রস্তাবে রাজি না হওয়ায় মাদ্রাসা ছাত্রীকে অপহরণ! থানায় ধর্ষণের মামলা

আলমডাঙ্গার চরশ্রীরামপুর মাদ্রাসা ছাত্রী প্রেম প্রস্তাবে রাজি না হওয়ায় জোরপূর্বক অপহরণ করে আটকিয়ে ধর্ষণের অভিযোগ উঠেছে।

শুক্রবার বিকেলে স্কুল ছাত্রীর মা এ অভিযোগ তুলে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেন। জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর ইউনিয়নের চরশ্রীরামপুর গ্রামের হাফিজুর রহমানের ছেলে জহুরুল ইসলাম (২৫)।

গত কয়েক মাস পূর্বে একই গ্রামের সোহেল রানার মেয়ে মহিলা ক্যাডেট মাদ্রাসার অষ্টম শ্রেণীর ছাত্রীকে বিভিন্ন সময় প্রেম নিবেদন করে আসছিলো। এ বিষয়ে মাদ্রাসা ছাত্রী তার প্রেম প্রস্তাবে রাজি না হয়ে বাড়ির লোকজনের নিকট জানায়। প

রে, ওই ছাত্রী পিতা-মাতা জহুরুলকে তার মেয়েকে বিরক্ত করতে নিষেধ করে। প্রেম প্রস্তাব মেনে না নেওয়ায় গত ২ জুন সকাল ১১ টার দিকে মাদ্রাসা ছাত্রী আলমডাঙ্গায় আসার মুহুর্তে আসাননগর নতুন ব্রিজের নিকট পৌঁছালে মাইক্রোবাস যোগে জহুরুল সহ অজ্ঞাত ৪/৫ জন জোরপূর্বক অপহরণ করে। গত কয়েকদিন তাকে আটকিয়ে জোরপূর্বক ধর্ষণ করে।

এ ঘটনায় গত কয়েকদিন পূর্বে তার মেয়েকে উদ্ধারে থানায় সাধারণ ডাইরি করেন। গতকাল শুক্রবার আলমডাঙ্গা থানা পুলিশ অভিযান চালিয়ে ওই মাদ্রাসা ছাত্রীকে উদ্ধার করে। আগামীকাল শনিবার চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ডাক্তারি পরিক্ষার জন্য পাঠানো হবে বলে জানা গেছে।